# অরণ্যসন্তান শবর : স্বাধীনতা সংগ্রামের অঙ্গনে

মহাদেব দাস *

**সংক্ষিপ্ত শবর পরিচিতি :**

শবর আদিম জনজাতির এমন একটি অন্যতম সম্প্রদায়, যারা একবিংশ শতাব্দিতেও সংগটিতভাবে বাঁচতে শেখেনি। এখনও যারা প্রকৃতির নির্জনতায় শান্তি খোঁজে, নাগরিক কোলাহল এখনও যাদের পছন্দের বাইরে, এখনও যারা সভ্য সমাজের ভদ্র মানুষের মত স্বাধিকার রক্ষার লড়াই করতে শেখেনি, সংগঠিতভাবে এখনও যারা রাজনৈতিক বৃত্তের বাইরে অবস্থান করে, এখনও যারা সমাজবদ্ধ সৃষ্টি-সভ্যতার শৃঙ্খলে বাঁধা পড়েনি, হয়তো বা বিশ্বায়নের যুগেও যারা অন্য বিশ্বের মানুষ এই রকমই এক আদিম জনজাতি হল শবর।

শবর মূলত অস্ট্রিক-দ্রাবিড় গোষ্ঠীর মানুষ। মুণ্ডা, ভীল, বীরহোড়, পাহাড়িয়া মাল, ভূমিজদের মতো শবর বা খেড়িয়া সম্প্রদায়েরাও একটি পুরোনো বনবাসী সমাজের জনজাতি। ছোটনাগপুরের দক্ষিণ অঞ্চলের জঙ্গলমহলেই এদের বসবাস অধিক। একদা প্রায় যাযাবরের মতো ছিল এদের জীবনাচরণ। গ্রাম থেকে দূরে পাহাড় জঙ্গলে বা কোন দুর্গম অঞ্চলেই এদের বসবাস। চর্যাগান যেমন উল্লেখ আছে 'টালত মোর ঘর নাহি পড়বেসী' কিংবা 'উঁচা পাবত তঁহি সবরী বালী' তেমনি একালের কবির কলমে শবর জাতির বাসস্থান সম্বন্ধে একটা স্পষ্ট মানচিত্র ফুটে ওঠে। যেমন —

"লোকালয় থেকে দূরে টিলার উপরে
শবর জাতির বাস,
হল বহুদিন অতিশয় দীন

---

* অ্যাসোসিয়েট প্রফেসর, বাংলা বিভাগ, জে.কে. কলেজ, পুরুলিয়া